দৈনিক বাংলা

তারিখ ৮.৩.৮০
পৃষ্ঠা ... কলাম ...

461

### ইসলামী শিক্ষা সম্মেলন

# স্কুল পাঠক্রম নিয়ে আলোচনা

মুসলিম শিক্ষা সংক্রান্ত তৃতীয় বিশ্ব সম্মেলনের তৃতীয় পূর্ণাঙ্গ অধিবেশন গতকাল অনুষ্ঠিত হয়। তাতে স্কুল শিক্ষা সম্পর্কে আলোচনা হয়। সম্মেলন ৫ই মার্চ ঢাকায় উদ্বোধন করা হয়। খবর বাসসের।

গতকালের অধিবেশনে সভাপতিত্ব করেন বাংলাদেশের শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা ডঃ মুহাম্মদ সেলিম। অধিবেশনে ডঃ এ কে এম ওবায়দুল্লাহ ও মোহাম্মদ ইদরিস আলীর যুগ্মভাবে রচিত প্রবন্ধ 'প্রাথমিক পর্যায়ে ইসলামী শিক্ষা চালু ও পাঠ্যপুস্তক প্রণয়ন : বাংলাদেশ প্রেক্ষিত'।

আলোচনার নেতৃত্ব দেন মালয়ে-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

### শিক্ষা সম্মেলন

(১-এর পৃঃ পর)

শিয়ার জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ডঃ হাসান। আলোচনায় অন্যান্যের মধ্যে ছিলেন সৌদী আরবের শেখ আহমদ সালাম জমজুম, মক্কার বিশ্ব ইসলামী শিক্ষা কেন্দ্রের ডঃ সৈয়দ আলী আশরাফ, সম্মেলনের চেয়ারম্যান বাংলাদেশের প্রফেসর সিরাজুল হক, যুক্তরাষ্ট্রের ডঃ এস ওয়াকার আহমদ ও ডঃ ওয়াসিউল্লাহ খান হোসেনী, নাইজেরিয়ার শেখ আহমেদ লেমু, জর্দানের ডঃ মোহাম্মদ শাকের এবং বর্তমান অধিবেশন চেয়ারম্যান ডঃ আবদুল্লাহ ত্বাহির।

প্রবন্ধকারীরা বলেন, ইসলামী শিক্ষার তিনটি ধারা রয়েছে: প্রতিষ্ঠানিক, অপ্রতিষ্ঠানিক এবং ঘরোয়া। এই তিন ধারারই সমান গুরুত্ব।

তারা ইসলামী পাঠ্যক্রম চালুর জন্য আটটি নির্দিষ্ট প্রস্তাব দেন। তার মধ্যে রয়েছে ইসলামী নীতিমালার আলোকে বর্তমান পাঠ্যবইগুলো নতুন করে লেখা।